



বাংলাদেশ ব্যাংক

জরুরি বিজ্ঞপ্তি

অননুমোদিতভাবে বৈদেশিক মুদ্রায় লেনদেন ও বিনিয়োগ হতে বিরত থাকার বিষয়ে সতর্কীকরণ

সাম্প্রতিককালে নিবাসী/অনিবাসী বাংলাদেশি ব্যক্তি কর্তৃক অনলাইন বেটিং/জুয়া, ক্রিপ্টোকারেন্সী, ফরেক্স ট্রেডিং ও পঞ্জি স্কিম এবং এজাতীয় অ্যাপস ও ওয়েবসাইট ব্যবহার করে বৈদেশিক মুদ্রায় আর্থিক লেনদেন ও বিনিয়োগের খবর পাওয়া যাচ্ছে। এ ধরনের লেনদেন বাংলাদেশ ব্যাংক বা অন্য কোনো নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক অনুমোদিত নয় এবং বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭; সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর আওতায় দণ্ডনীয় অপরাধ। উল্লিখিত কার্যক্রমসহ অননুমোদিতভাবে বৈদেশিক মুদ্রায় বিদেশে বিনিয়োগের নজির পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি এড়ানোর লক্ষ্যে উল্লিখিত অননুমোদিত লেনদেন বা এসব লেনদেনে সহায়তা প্রদান ও এর প্রচার হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে।

জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা
কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।